



নোবিপ্রবি/জনওপ্রকা/প্রেস বিজ্ঞপ্তি/২০২২/১৫০৫

১৪ ডিসেম্বর ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

**নোবিপ্রবিতে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে
দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত সভা**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সম্পর্কিত কার্যক্রম সুচারুভাবে সম্পাদনের লক্ষ্যে দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়েছে। নোবিপ্রবি সম্মেলন কক্ষে আজ বুধবার (১৪ ডিসেম্বর ২০২২) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য ও জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটির সভাপতি অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

নোবিপ্রবি রেজিস্ট্রার (অ.দা.) ও জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটির ফোকাল পয়েন্ট মোহাম্মদ জসীম উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির উপ-উপাচার্য ও জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটির সদস্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, নোয়াখালী জেলা দুর্নীতি দমন কমিশনের উপ-পরিচালক জনাব সৈয়দ তাহসিনুল হক। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন নোবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি ও শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. ফিরোজ আহমেদ, নোবিপ্রবি এপিএ টিম লিডার অধ্যাপক ড. মোঃ সেলিম হোসেন, নোবিপ্রবি অফিসার্স এসোসিয়েশনের সভাপতি সাখাওয়াত হোসেন, সাধারণ সম্পাদক মেজবাহ উদ্দিন পলাশসহ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটির ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্টবৃন্দ। অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন নোবিপ্রবি আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ারুল বাশার।

মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বক্তব্যের শুরুতেই ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবসে জাতির শ্রেষ্ঠ সন্তানদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। এ সময় তিনি বলেন, ‘বিবেক এবং মূল্যবোধের মাধ্যমে জীবন অতিবাহিত করতে হবে। দুর্নীতি প্রতিরোধে সকলকে আত্মনিয়ন্ত্রণের ক্ষমতা অর্জন করতে হবে। মূল্যবোধ বজায় রেখে দেশের সেবায় নিজেকে নিয়োজিত করতে হবে। এক্ষেত্রে নোবিপ্রবিতেও অত্যন্ত সচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। যে কোনো ধরণের অনিয়মের ক্ষেত্রে জিরো টলারেন্স নীতি গ্রহণ করা হয়েছে। কর্মক্ষেত্রে সততা এবং ন্যায়-নীতির সাথে চলতে হবে। এক্ষেত্রে পরিবারিক শিক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। আমরা যে যার অবস্থান থেকে সঠিকভাবে অর্পিত দায়িত্ব ও কর্তব্যগুলো পালন করলে প্রতিষ্ঠান ভালোভাবে চলবে। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু’। অনুষ্ঠানের সার্বিক সহযোগিতায় ছিল জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি নোবিপ্রবি।

R. Nader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।